দৈনিক বাংলা

তারিখ 28 SEP 1993
পৃষ্ঠা ... ১১ ... কলাম ... ২ ...

ছাত্রফ্রন্টের সেমিনার

# সন্ত্রাস ঠেকাতে না পারলে শিক্ষা ব্যবস্থা ধ্বংস হয়ে যাবে

স্টাফ রিপোর্টার ঃ বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকী বলেছেন, সারা দেশের শিক্ষাঙ্গনে সন্ত্রাস যেভাবে ব্যাপকতা লাভ করছে এখনই তা প্রতিরোধ করতে না পারলে গোটা শিক্ষা ব্যবস্থাই ধ্বংস হয়ে যাবে।

তিনি শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র সেমিনার কক্ষে 'বিশ্ববিদ্যালয় এবং প্রাতিষ্ঠানিক স্ব-শাসন' শীর্ষক সেমিনারে বক্তৃতা দিচ্ছিলেন।

সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট আয়োজিত সেমিনারে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি বেলাল চৌধুরী। মূল প্রবন্ধ পাঠ করেন সাধারণ সম্পাদিক রাজেকুজ্জামান রতন।

অন্যান্যের মধ্যে আলোচনা করেন ডঃ সাঈদ-উর-রহমান, ডঃ মঈনুল ইসলাম, ছাত্র ফ্রন্টের সাবেক নেতা মোস্তফা ফারুক প্রমুখ।

ডঃ সাঈদ-উর-রহমান তাঁর আলোচনায় বলেন, স্বায়ত্বশাসন ছাড়া একটি বিশ্ববিদ্যালয়ের অস্তিত্ব থাকতে পারে না। তিনি বলেন, দেশে গণতন্ত্রের ভবিষ্যৎ নিশ্চিত করতে হলে শিক্ষাঙ্গনেও গণতন্ত্র প্রতিষ্ঠা করতে হবে।

ডঃ মঈনুল ইসলাম বলেন, যে রাজনীতি বিশ্ববিদ্যালয়কে প্রতিপক্ষ মনে করে সেই রাজনীতি গণতন্ত্র ও জনগণের শত্রু।

সভাপতির ভাষণে বেলাল চৌধুরী উচ্চ শিক্ষার বেসরকারীকরণের সমালোচনা করে শিক্ষাক্ষেত্রে বৈষম্য সৃষ্টির যে কোন ষড়যন্ত্র প্রতিহত করার জন্য ছাত্র সমাজের প্রতি আহ্বানজানান।

একই বিষয়ের উপর ছাত্র ফ্রন্টের উদ্যোগে আগামী সোমবারেও একই স্থানে পৃথক সেমিনার অনুষ্ঠিত হবে।